

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

নগর উন্নয়ন অধিদপ্তর

আরবান প্ল্যানিং

www.udd.gov.bd



স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০৬.১৭.৭১

তারিখ: ৮ চৈত্র ১৪২৮

২২ মার্চ ২০২২

বিষয়: **রাজশাহী মেট্রোপলিটন পুলিশের কাশিয়াডাঙ্গা থানা ভবন ও ফোর্সের ব্যারাক নির্মাণের জন্য জমি অধিগ্রহণ সংক্রান্ত অনাপত্তিপত্র প্রসঙ্গে।**

সূত্র: ১। নগর উন্নয়ন অধিদপ্তরের স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০৬.১৭.৮৩, তারিখ: ১৭/১১/২০২১

২। রাজশাহী আঞ্চলিক অফিসের স্মারক নম্বর: ২৫.৪৫.৫০০০.১০১.০১.০০৭.১৮.৩৫৯, তারিখ: ২৩/১১/২০২১

৩। রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহীর স্মারক নং- ০৪০.০০৩.০২৮.০০০.০০২.২০১০/১১৬, তারিখ: ১০/০১/২০২২

উপরিউক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, রাজশাহী মেট্রোপলিটন পুলিশের কাশিয়াডাঙ্গা থানা ভবন ও ফোর্সের ব্যারাক নির্মাণের জন্য ০.৭৫ একর জমি অধিগ্রহণের লক্ষ্যে অনাপত্তি পত্র প্রদানের জন্য আবেদন করেছে। যার মৌজা শিডিউল নিম্নরূপ:

প্রস্তাবিত ভূমির তফসিল ও পরিমাণঃ

ক্র.নং	জেলা	থানা	মৌজা	জেএল নং	আর এস খতিয়ান নং	আর এস দাগ নং	প্রস্তাবিত সাইটে জমির পরিমাণ (একর)	জমির শ্রেণি
১	রাজশাহী	কাশিয়াডাঙ্গা (সাবেক পবা)	গোয়ালপাড়া	৫২	৫৮	২৪৯	০.৭৫	ধানী
মোট=							০.৭৫	

এমতাবস্থায়, রাজশাহী মেট্রোপলিটন পুলিশের কাশিয়াডাঙ্গা থানা ভবন ও ফোর্সের ব্যারাক নির্মাণের জন্য প্রস্তাবিত দাগে সরেজমিনে পরিদর্শন প্রতিবেদন এবং রাজশাহী মেট্রোপলিটন ডেভেলপমেন্ট প্ল্যান ২০০৪-২০২৪ এর মাষ্টার প্ল্যান পর্যালোচনা করে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে প্রস্তাবিত ০.৭৫ (শূন্য দশমিক সাত পাঁচ) একর জমি অধিগ্রহণের জন্য নির্দেশক্রমে নগর উন্নয়ন অধিদপ্তরের অনাপত্তি পত্র প্রদান করা হলো।


শর্তাবলী

- প্রত্যাশী সংস্থাকে ভূমি অধিগ্রহণের ক্ষেত্রে প্রযোজ্য সকল আইন/বিধিমালা/ নীতিমালা যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- সাইটের উত্তর পাশে প্রস্তাবিত “সিটি বাইপাস ” সড়কটি যদি ভবিষ্যতে প্রশস্তকরণের প্রয়োজন হয় সে লক্ষ্যে সাইটের অভ্যন্তরের দিকে নুন্যতম একলেন সমপরিমাণ জায়গা সংরক্ষণ করে স্থাপনা নির্মাণ করতে হবে; এবং
- উক্ত সাইট সংলগ্ন রাস্তায় কোন অবস্থাতেই যেন যানজট সৃষ্টি না হয় সে বিষয়ে প্রত্যাশী সংস্থাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

উল্লেখ্য যে, এই অনাপত্তি রাজশাহী জেলায় রাজশাহী মেট্রোপলিটন পুলিশ কর্তৃক প্রস্তাবিত জমি অধিগ্রহণের জন্য নগর উন্নয়ন অধিদপ্তরের অনাপত্তি ব্যতিত অন্য কোন মালিকানা বা শর্ত নির্ধারণ করে না। বর্ণিত জায়গায় কোন উচ্ছেদ বা আইনগত জটিলতার উদ্ভব হলে তা প্রত্যাশী সংস্থা বহন করবে।

সংযুক্তি:

০১. পরিদর্শন প্রতিবেদন
০২. সাইট সংশ্লিষ্ট অংশে RMDP বিদ্যমান ভূমি ব্যবহার ম্যাপ
০৩. সাইট সংশ্লিষ্ট অংশে RMDP প্রস্তাবিত ভূমি ব্যবহার ম্যাপ
০৪. প্রস্তাবিত এলাকার Google Map
০৫. রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের অনাপত্তিপত্র



২৩-৩-২০২২

মো: মাহমুদ হোসেন
সিনিয়র প্ল্যানার


মুহাম্মদ আব্দুর রকিব পিপিএম, উপ- পুলিশ কমিশনার (এস্টেট এন্ড ডেভেলপমেন্ট), পুলিশ কমিশনার, রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, রাজশাহী)

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০৬.১৭.৭১/১(৫)

তারিখ: ৮ চৈত্র ১৪২৮
২২ মার্চ ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক (চলতি দায়িত্ব), নগর উন্নয়ন অধিদপ্তর
- ২) উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপ-পরিচালক এর দপ্তর(ভৌত পরিকল্পনা), নগর উন্নয়ন অধিদপ্তর
- ৩) সিনিয়র প্ল্যানার, আরবান প্লানিং, নগর উন্নয়ন অধিদপ্তর
- ৪) প্ল্যানার, আরবান প্লানিং, নগর উন্নয়ন অধিদপ্তর
- ৫) প্ল্যানার, ট্রেনিং এন্ড ডকুমেন্টেশন সেল, নগর উন্নয়ন অধিদপ্তর (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)



২৩-৩-২০২২

মোহসিনাত নাসরিন
প্ল্যানার